

পরিচ্ছেদ-১০.০০

শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের কাজ তদারকীকরণ প্রসংগে আঞ্চলিক পরীক্ষণ কমিটির কাজ।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২, ২০০৯ ও ২০১২ তদসূত্রে প্রদত্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং মানি লভারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে অধিকতর মনযোগী হওয়ার লক্ষ্যে শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের উপর অর্পিত দায়িত্বসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা তদারকী সুবিধার্থে আঞ্চলিক পর্যায়ে নিম্নরূপভাবে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি পরিবীক্ষণ কমিটি গঠন করা হলো :-

পরিবীক্ষণ কমিটি :

- ০১। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক : সভাপতি
০২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা : সদস্য
০৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা : সদস্য সচিব

পরিবীক্ষণ কমিটি প্রতি ৩(তিন) মাস অন্তর অঞ্চলাধীন শাখাসমূহের ন্যূনতম ৩(তিন) টি শাখা পরিদর্শনপূর্বক মানি লভারিং প্রতিরোধ সংক্রান্ত আইন, বাংলাদেশ ব্যাংক ও প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর বিভিন্ন নির্দেশনা পরিপালন/বাস্তবায়ন সংক্রান্ত ছক-“ক”তে উল্লেখিত বিষয়বস্তুর উপর সরেজমিনে পর্যবেক্ষণ/যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করতঃ একটি ত্রৈমাসিক প্রতিবেদন (পরিদর্শনকৃত প্রতিটি শাখার আলাদা প্রতিবেদন) পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ করবে।

শাখা পর্যায়ে মানিলভারিং প্রতিরোধ আইন এর বিধানাবলী এবং তদসূত্রে প্রদত্ত নির্দেশনা পরিপালন বিষয়ক প্রতিবেদন।

ছক-ক

ক্রমিক নং	শাখা পর্যায়ে মানিলভারিং প্রতিরোধ বিষয়ক নিম্নোক্ত ফাইল যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে কিনা-	কমিটির মতামত
(১) নথি/রেকর্ড সংরক্ষণ	অত্র ম্যানুয়েল এর ৭.০৪ (খ) অনুযায়ী শাখায় AML ও CFT সংক্রান্ত ১৩টি নথি বা ফাইল সংরক্ষণ	
(২) হিসাব খোলা সংক্রান্ত	(ক) শাখা কর্তৃক যথাযথভাবে অভিন্ন হিসাব খোলার ফরম/KYC/TP/KYC Profile form ব্যবহার। (খ) গ্রাহকের ঠিকানা পরিবর্তন/লেনদেনের মাত্রা বৃদ্ধি/ব্যবসার প্রসার/পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রে বাস্তবতা/যৌক্তিকতার আলোকে শাখা কর্তৃক KYC/TP আপডেটকরণ। (গ) বুকি ভিত্তিতে গ্রাহকের শ্রেণীকরণ, উচ্চ বুকি সম্পন্ন হিসাবের জন্য আলাদা রেজিস্টারে তালিকা সংরক্ষণপূর্বক নিবিড় পর্যবেক্ষণ।	
(৩) নগদ লেনদেন (CTR) প্রতিবেদন সংক্রান্ত	১০.০০ লক্ষ ও তদূর্ধ্ব টাকার নগদ লেনদেন হওয়া (একদিনে একই হিসাবে এক বা একাধিক নগদ জমার পরিমাণ ১০.০০ লক্ষ ও তদূর্ধ্ব টাকা অথবা নগদ উত্তোলনের পরিমাণ ১০.০০ লক্ষ ও তদূর্ধ্ব টাকা হলে) সকল হিসাবের CTR শাখা কর্তৃক প্রেরণ। (খ) যথাসময়ে এবং যথানিয়মে CTR এর সকল তথ্য পূরণপূর্বক সিটিআরকরণ (সূত্র নং প্রকা/শানিব্যাউবি-১ (১১৯)/২০১৩-২০১৪/৮২৩(১২০০) তারিখ : ২০-১১-২০১৩ অনুসরণপূর্বক) (গ) অঞ্চলাধীন সকল শাখার সিটিআর প্রতিবেদন (CTR যোগ্য লেনদেন না থাকলেও শূন্য প্রতিবেদন প্রেরণ করে নথিতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে) কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ।	
(৪) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (STR)	(ক) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণ বিষয়ে বুকি ব্যবস্থাপনা বিভাগের ২৮-০১-২০১৮ তারিখের পত্র নং- সূত্রনং প্রকা/ আরএমডি১(৩০)/STR/ ২০১৭-২০১৮/১১৩৬(১২৫০) এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ বিষয়ক। (খ) CTR রিপোর্টিং এড়ানোর জন্য গ্রাহক কর্তৃক ১০.০০ লক্ষ ও তদনিন্দ সীমায় ইচ্ছাকৃতভাবে পুনঃ পুনঃ লেনদেন (Structuring) করণ বিষয়ে শাখার গৃহীত কার্যক্রম	
(৫) AML বিষয় জ্ঞান/প্রশিক্ষণ	শাখার নাম : মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা : AML-বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :	
(০৬) Self Assessment সংক্রান্ত	প্রতিটি শাখা কর্তৃক বিএফআইইউ সাকুলার নং ১৯ এর বিভিন্ন নির্দেশনা পরিপালন ও এর ভিত্তিতে স্বনির্ধারণী (Self Assessment) পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয় প্রতিবেদন তৈরী এবং তা কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ করা হয়েছে কিনা? প্রতিবেদন প্রেরণ করে থাকলে আঞ্চলিক কার্যালয়ের প্রেরণের সূত্র নম্বর উল্লেখ করতে হবে। (আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সকল শাখার Self Assessment প্রতিবেদন একসাথে কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণের নির্দেশ রয়েছে)।	
(৭) Independent Testing Procedure প্রতিবেদন	(ক) আঞ্চলিক নিরীক্ষা কর্তৃক কতটি শাখার নিরীক্ষা কাজ সম্পাদন করা হয়েছে এবং কতটি শাখায় Independent Testing Procedure প্রতিবেদন কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করা হয়েছে? (খ) Independent Testing Procedure সম্পর্কিত সর্বশেষ প্রতিবেদনে উল্লেখিত স্কোর অনুযায়ী রেটিং। শাখার নাম প্রাপ্ত স্কোর রেটিং (গ) রেটিং/মান কার্গখিত পর্যায়ে না হলে রেটিং উন্নয়নে পরিবীক্ষণ কমিটির নির্দেশনা/সুপারিশ	
(৮) পরিবীক্ষণ কমিটির সার্বিক মন্তব্য	পরিদর্শিত শাখাসমূহের AML বিষয়ে কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনাপূর্বক পরিবীক্ষণ কমিটির সার্বিক মন্তব্য	